

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮ ১(আগরতলা-১৩।০৬)

তেলিয়ামুড়া, ১৩ জুন, ২০১৮

তেলিয়ামুড়ায় ২৩টি ত্রাণ শিবির খোলা হয়েছে

গতকালের প্রবল বৃষ্টিপাতের ফলে তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন স্থানের জনজীবন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার ফলে তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন থেকে এ পর্যন্ত মোট ২৩টি ত্রাণ শিবির খোলা হয়েছে। এর মধ্যে তেলিয়ামুড়া ব্লক এলাকায় ১০টি ত্রাণ শিবিরে ৩৪৫ পরিবারের ১,৫৯৯ জন, তেলিয়ামুড়া পুর পরিষদ এলাকায় ৩টি ত্রাণ শিবিরে ৪৯৫ পরিবারের ২,০০৪ জন এবং কল্যাণপুর ব্লকের ১০টি ত্রাণ শিবিরে ৪৭৬ পরিবারের ১,৬২৬ জন আশ্রয় নিয়েছেন। মহকুমা প্রশাসন থেকে এতথ্য দেওয়া হয়েছে। এদিকে, মুন্সিয়াকামী ব্লকের ৪৩ মাইল, ৩৭ মাইল, ৩৬ মাইল এলাকার বিভিন্ন স্থানে ধস পড়ায় জাতীয় সড়কে যান চলাচলে ব্যাপক অসুবিধার সৃষ্টি হয়েছে। বিধায়ক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ বিভিন্ন দপ্তরের সরকারী আধিকারিকরা মহকুমার বন্যা কবলিত এলাকা পরিদর্শন করেন। ত্রাণ শিবিরগুলিতে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে খাদ্য, পানীয় জল, শিশু খাদ্য ইত্যাদির ব্যবস্থা করা হয়।
